

## নিয়োগ বিজ্ঞপ্তি

কমিউনিটি সার্ভিস প্রোভাইডার (CSP) নিয়োগের জন্য বাঁশবেড়িয়া পৌরসভার যোগ্যতাসম্পন্ন ও আগ্রহী স্বনির্ভর দলের সদস্যদের থেকে আবেদন আহ্বান করা হচ্ছে। পশ্চিমবঙ্গ রাজ্য নগর জীবিকা মিশনের কার্যক্রম রূপায়নের জন্য বাঁশবেড়িয়া পৌরসভার অন্তর্গত বাঁশবেড়িয়া সরস্বতী সিটি লেভেল ফেডারেশনের মাধ্যমে ১ (এক) জন কমিউনিটি সার্ভিস প্রোভাইডার নিয়োগ করা হবে। আবেদনটি সম্পূর্ণ চুক্তিভিত্তিক এবং বুনিয়াদি নিয়মানুযায়ী ও কর্মদক্ষতার মানদণ্ড অনুযায়ী মাসিক সাম্মানিক সর্বোচ্চ ৩৫০০.০০ (তিন হাজার পাঁচশত) টাকা। যোগ্যতার মানদণ্ড নিম্নে বর্ণিত হল:

পদের নাম: কমিউনিটি সার্ভিস প্রোভাইডার

মোট পদের সংখ্যা: ১ (এক)

### অত্যাৱশকীয় যোগ্যতা:

- ১) আবেদনকারীকে বাঁশবেড়িয়া পৌরসভার স্থায়ী বাসিন্দা ও পঞ্চসূত্র মেনে চলা স্বনির্ভর গোষ্ঠীর (গোষ্ঠীতে বয়স কমপক্ষে ৩ বছর) মহিলা হতে হবে।
- ২) বয়স- কমপক্ষে ২১ বছর (০১/০১/২০২৩ অনুযায়ী)।
- ৩) শিক্ষাগত যোগ্যতা- মাধ্যমিক বা সমতুল্য পাশ।
- ৪) স্বনির্ভর দলের থেকে কমপক্ষে ৩ বার ও সর্বমোট ৫০,০০০ টাকা ঋণ নেওয়া ও খেলাপী ব্যতীত নিয়মিত পরিশোধের অভিজ্ঞতা থাকতে হবে।
- ৫) প্রশিক্ষণ ও কথোপকথনের দক্ষতা এবং নতুন কিছু জানতে ও শিখতে আগ্রহী হওয়া জরুরী।
- ৬) কাজের প্রয়োজনে জেলা ও বিভিন্ন স্থানে যাওয়া ও শারীরিক সক্ষমতা থাকা আবশ্যিক।
- ৭) স্বনির্ভর দল/ এ.এল.এফ/সি.এল.এফ এর গঠন, খাতাপত্র, আর্থিক পরিচালন ব্যবস্থাপনা এবং বাঁশবেড়িয়া পৌর এলাকার ভৌগলিক অবস্থান সম্বন্ধে সম্যক ধারণা থাকা আবশ্যিক।
- ৮) একইসঙ্গে আবেদনকারী আই.সি.ডি.এস বা আশাকর্মী হিসাবে অথবা সরকারী বা বেসরকারী প্রতিষ্ঠানে কর্মরত থাকতে পারবে না।
- ৯) DAY-NULM এর মাস্টার ট্রেনার / সি.এল.এফ এর পদাধিকারীরা আবেদন করতে পারবেন না।
- ১০) স্বনির্ভর দল/এ.এল.এফ/সি.এল.এফ এর পদে থাকতে পারবেন না।
- ১১) সিভিল স্কোর স্বাভাবিক বা তার বেশি থাকা প্রয়োজন।



অন্যান্য কাম্য যোগ্যতা :

- ১) কম্পিউটারে সাধারণ জ্ঞান থাকা।
- ২) সাইকেল চালাতে পারা।

আবেদনকারীদের নিয়োগ বিজ্ঞপ্তিটি বাঁশবেড়িয়া পৌরসভার Notice Board ও Website (www.bansberiamunicipality.org) দেখার জন্য অনুরোধ করা হচ্ছে। এছাড়াও বাঁশবেড়িয়া স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, ত্রিবেণী ডাকঘর, ত্রিবেণী ইউকো ব্যাঙ্ক ও ত্রিবেণী ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার সামনে দেখতে পাবেন।


আবেদন জমা করার শেষ তারিখ হল ৪ঠা মার্চ, ২০২৩ (দুপুর ২টো পর্যন্ত) আবেদন পত্র জমা দিতে হবে সরাসরি পৌরসভার এন.ইউ.এল.এম দপ্তরে।

সুবিবেচনার পর নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার মাধ্যমে নির্বাচন করা হবে। পরীক্ষার সময়সূচী ও প্রার্থীদের তালিকা পৌরসভায় Notice Board ও দূরভাষের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

আবেদনকারীকে স্বপ্রত্যায়িত জেরক্স বয়সের প্রমান পত্র (মাধ্যমিকের অ্যাডমিট কার্ড অথবা সার্টিফিকেট), আধার কার্ড/ভোটার কার্ড ও শিক্ষাগত যোগ্যতার প্রমান পত্র (মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার মার্কসিট) ও চারিত্রিক সংশাপত্র আবেদন পত্রের সহিত জমা দিতে হবে ও দুটি পাসপোর্ট মাপের সম্প্রতি তোলা রঙিন ছবি। নিজ নিজ স্বনির্ভর গোষ্ঠীর খাতা আবশ্যই আনতে হবে।

নির্ধারিত সময়ের পর আবেদনপত্র গ্রহনযোগ্য নহে।

তাং 21/02/2023

  
পৌরপ্রধান  
বাঁশবেড়িয়া পৌরসভা